গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
**www.gsb.gov.bd**

# সিটিজেন চার্টার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যু ৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীনে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) একটি সরকারি গবেষণামূলক প্রতিষ্ঠান যা জাতীয় প্রতিষ্ঠান হিসাবে ভূবৈজ্ঞানিক বিষয়ে ভূতাত্ত্বিক অনুসন্ধান, সরকারি সিদ্ধান্ত বাস্তবায়ন, জনগণকে সেবা প্রদানের মাধ্যমে জাতীয় আ র্থ ও সামাজিক প্রবৃদ্ধি অর্জনে সহায়ক ভূমিকা পালন করে থাকে। ভূতাত্ত্বিক/ভূবৈজ্ঞানিক বিষয়ে গবেষণা ছাড়াও জিএসবি জনস্বার্থে বিবিধ সেবা প্রদান করে থাকে।

## ১. মিশন ও ভিশন

**রুপকল্প (Vision):** বাংলাদেশের খনিজ সম্পদসমূহের অনুসন্ধান ও আবিষ্কার এবং প্রাকৃতিক দূর্যোগ প্রশমন।

**অভিলক্ষ্য (Mission):** খনিজ সম্পদের অনুসন্ধান, আবিষ্কার, মজুদ নির্ণয় এবং মান নির্ধারণের জন্য ভূতাত্ত্বিক/ভূপদার্থিক/প্রকৌশল ভূতাত্ত্বিক মানচিত্রায়ন পরিচালনা এবং প্রাকৃতিক দূর্যোগ বিষয়ে জরিপ ও প্রশমনে কাজ করা। প্রতিবেদন প্রস্তুতকরণ এবং বাংলাদেশ সরকারের নিকট পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য দাখিলকরণ।

## ২. সেবা প্রদান প্রতিশ্রুতি

ক. দেশের খনিজ সম্পদের অনুসন্ধান (তেল ও গ্যাস ব্যতীত);
খ. প্রাকৃতিক দূর্যোগ প্রশমন;
গ. মানব সম্পদ উন্নয়ন।

২.১ নাগরিক সেবা

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য ও পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | বিশেষ বহিরঙ্গান কার্যক্রম | ● মন্ত্রণালয়, বিভাগ, স্থানীয় সরকার বা প্রতিষ্ঠান কর্তৃক তাৎক্ষণিক চাহিদানুযায়ী বিভিন্ন ভূপ্রাকৃতিক দূর্যোগ, অন্যান্য ভূতাত্ত্বিক বিষয়ে জিএসবি'র সংশ্লিষ্ট যে কোন শাখা অনুসন্ধান কার্যক্রম পরিচালনা ও প্রতিবেদন তৈরী করে থাকে। | - | - | ১৫ কর্মদিবস (অনুসন্ধান কার্যক্রমের ব্যাপ্তি ও প্রতিবেদন তৈরী সাপেক্ষে) | মহাপরিচালক, জিএসবি কর্তৃক মনোনীত কর্মকর্তা |
| ২. | তথ্য কেন্দ্র (Data Center) | ● অতীত ও হালনাগাদ সময়ে জিএসবি'র নিজস্ব অপ্রকাশিত গবেষণা ও পরীক্ষালব্ধ বিভিন্ন ধরনের গবেষণাপত্র ও প্রতিবেদন, অনুসন্ধানী প্রতিবেদন, বার্ষিক বহিরঙ্গান কর্মসূচি প্রতিবেদন, তথ্য-উপাত্ত, পরীক্ষাগার নির্দেশনাপত্র ইত্যাদির তথ্য ভান্ডার।<br>● এখানে মহাপরিচালক মহোদয়ের অনুমতিক্রমে বিভিন্ন পর্যায়ের গবেষকদের অপ্রকাশিত প্রতিবেদন অধ্যয়নের সুযোগ আছে। এছাড়াও জাতীয় উন্নয়ন পরিকল্পনা ও খনিজ সম্পদ উন্নয়নে অন্যান্য সরকারি প্রতিষ্ঠানের কাজে তথ্য সরবরাহ করা হয়। | আবেদন | - | ১৫ কর্মদিবস | জনাব মঈন উদ্দিন আহমেদ<br>পরিচালক (ভূতত্ত্ব) ও তথ্য অধিকার বিষয়ক ফোকাল পয়েন্ট<br>ফোন: ৯৩৪৬১৯৪<br>মোবাইল: ০১৭১৬১৫২৯৫৪<br>ইমেইল- moingsb074@gmail.com |
| ৩. | কোর লাইব্রেরি | ● বাংলাদেশের বিভিন্ন স্থানে খননকালে প্রাপ্ত কয়লা, চুনাপাথর, কঠিন ভিত্তিশিলা ও অন্যান্য শিলার নমুনাসমূহ বগুড়াস্থ ক্যাম্প অফিসের কোর লাইব্রেরিতে সংরক্ষণ করা হয়।<br>● খনিজ সম্পদ উন্নয়ন ও জাতীয় পরিকল্পনার স্বার্থে গবেষণা ও মনিক আবিষ্কার কাজে এ নমুনাসমূহ গবেষকরা ব্যবহার করতে পারেন । | আবেদন | - | ১৫ কর্মদিবস | মহাপরিচালক, জিএসবি'র অনুমতি সাপেক্ষে |
| ৪. | গবেষণাকর্মে সহযোগীতা | ● সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গবেষণা কাজে নিয়োজিত ছাত্র/গবেষক/শিক্ষকদের লাইব্রেরি, প্রতিবেদন, বিশেষজ্ঞ জ্ঞান এবং পরীক্ষাগার ব্যবহারের সুযোগ প্রদানের মাধ্যমে সেবা প্রদান করা হয়। | আবেদন | প্রযোজ্য ক্ষেত্রে | প্রয়োজন অনুযায়ী | মহাপরিচালক, জিএসবি'র অনুমতি সাপেক্ষে |
| ৫. | ভূমিধ্বসের পূর্বাভাস ব্যবস্থা | ● চট্রগ্রাম, কক্সবাজার ও টেকনাফ শহরের ভূমিধ্বসপ্রবণ এলাকাগুলোতে স্বয়ংক্রিয় যান্ত্রিক ও নেটওয়ার্কিং স্থাপনের মাধ্যমে পূর্বাভাস ও তা সাথে সাথে মোবাইল ফোনে স্থানীয় প্রশাসনের গুরুত্বপুর্ণ নীতি | - | বিনামূল্যে | সার্বক্ষনিক স্বয়ংক্রিয় পর্যবেক্ষণের | জনাব সালমা আক্তার<br>শাখা প্রধান ও পরিচালক (ভূতত্ত্ব)<br>ফোন: ৫৮৩১১৮৫৫ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | নির্ধারকদের টেক্সট মেসেজ প্রদানের মাধ্যমে সতর্কীকরণ ব্যবস্থায় সম্পৃক্ত করা হয়েছে। | | | মাধ্যমে সতর্কীকরণ ব্যবস্থা | মোবাইল: ০১৭২৬৭০৬৭৫৫<br>ইমেইল- salma.akter_gsb@yahoo.com |
| ৬. | পাঠাগার/গ্রন্থাগার সেবা | ● অতীত ও বর্তমান সময়ের গবেষণাপত্র, দেশি-বিদেশি ব ই, জার্ণাল এবং প্রকাশনায় সমৃদ্ধ গ্রন্থাগার।<br>● এখানে জিএসবি'র প্রকাশিত রির্পোটসমূহ ও অন্যান্য সংগৃহীত পুস্তক ও তথ্য গবেষণা এবং অধ্যয়নের জন্য সকলের নিকট উন্মুক্ত। এছাড়া প্রকাশিত মানচিত্র ক্রয়ের সুযোগ রয়েছে। | - | মানচিত্র প্রতিটি ৫০০/- টাকা | তাৎক্ষনিক | জনাব মোঃ নাজিম উদ্দিন গনি<br>প্রধান গ্রন্থাগারিক<br>ফোন: ৯৩৪৪৩৮৩ |
| ৭. | সংগ্রহশালা/ জাদুঘর | ● বিভিন্ন ভূতাত্ত্বিক সময়ের শিলা , মণিক ও জীবাশ্মের নমুনার সংগ্রহশালা যা খনিজ সম্পদের প্রামান্য আর্কা ইভ। দর্শনার্থী বা শিক্ষার্থীদের এসব আবিষ্কৃত সম্পদের ইতিহাস জানাসহ সুষ্ঠু ব্যবহার ও বিজ্ঞান চর্চায় আগ্রহী করে থাকে। | - | - | তাৎক্ষনিক | - |

**২.২) প্রাতিষ্ঠানিক সেবা**

**<u>ভূতত্ত্ব</u>**

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান | সেবার মূল্য ও পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এসেসমেন্ট শাখা (Economic Geology and Resources Assessment) | ● স্বল্প ও গভীর কূপ খননের মাধ্যমে বংলাদেশের খনিজ সম্পদ (তেল ও গ্যাস ব্যতীত ) যেমন: কয়লা, পিট, খনিজ বালি, সাদামাটি, চুনাপাথর, ভারী মণিক ইত্যাদি সম্পদ অনুসন্ধান/আবিস্কার, সম্ভাব্য মজুদ, প্রকৃতি, গুণগত মা ন, আহরণ প্রক্রিয়া, অর্থনৈতিক সম্ভাব্যতা যাচা ই ও ব্যবহার বিষয়ক প্রতিবেদন প্রস্তুত করা।<br>● গুণগতমানের ভিত্তিতে খনিজ উত্তোলনের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ , উত্তোলন পদ্ধতি, সম্ভাব্য ব্যবহার ইত্যাদি বিষয়ে সরকারকে তথ্য - উপাত্ত দিয়ে সহায়তা করা।<br>● খনিজ সম্পদ উন্নয়ন বিষয়ে নীতিমালা প্রণয়নে সরকার /সংস্থাকে সহায়তা প্রদান করা।<br>● দেশের সার্বিক উন্নয়নে সম্পদের সর্বোচ্চ ব্যবহার বিষয়ক সুপারিশ | - | - | (অনুসন্ধান কার্যক্রমের ব্যাপ্তি ও প্রতিবেদন তৈরী সাপেক্ষে) | জনাব মোঃ আলী আকবর<br>শাখা প্রধান ও পরিচালক (ভূতত্ত্ব)<br>ফোন : ৮৩৯১৯৭৯<br>মোবাইল: ০১৬৭১১১৬০৭৫<br>ইমেইল- aliakbar.bd@gmail.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | এবং গবেষণা কাজে সহায়তা প্রদান করা। | | | | |
| ২. | শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখা (Petrology & Mineralogy) | • শিলা ও মণিক বিষয়ক গবেষণায় এই শাখায় বিশেষায়িত গবেষণাগার ব্যবহারের মাধ্যমে সেবা প্রদান করা হয়।<br>• শিলা/মনিক শনাক্তকরণ, মণিকসমূহের আনুপাতিক হার, মান, গুরুত্বপূর্ণ মণিকের উপস্থিতি, সংযুক্তি, গ্রেইন সাইজ বিশ্লেষণ, ভারী/হালকা মণিক পৃথকীকরণ ও পরিমাণ নির্ণয় বিষয়ক গবেষণা করা।<br>পরীক্ষাগার / গবেষণাগার সেবা:<br>• পোলরাইজড অণুবীক্ষণ যন্ত্রের মাধ্যমে মণিক চিহ্নিতকরণ, থিন সেকশন ও গ্রেইন স্লাইড প্রস্তুত, রঞ্জন রশ্মি প্রতিপ্রভা ও রঞ্জন রশ্মি বিচ্ছুরণ পদ্ধতিতে শিলা ও মণিক বিষয়ক গবেষণা সুবিধা।<br>• বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ছাত্র, গবেষক এবং দেশের বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের (খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ কাস্টমস্, পেট্রোবাংলা ইত্যাদি) চাহিদা মোতাবেক নমুনা বিশ্লেষণ ও প্রতিবেদন প্রণয়ন করে মতামত প্রদান করা হয়। | - | - | বহিরঙ্গান কাজ: ৩০ কর্মদিবস হতে ৬০ কর্মদিবস<br>নমুনা বিশ্লেষণ: ৫০ কর্মদিবস<br>প্রতিবেদন প্রস্তুত: ৬০ কর্মদিবস | - |
| ৩. | উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা (Coastal and Marine Geology) | • টেকসই উন্নয়নের লক্ষ্যে উপকূলীয় এলাকার ভূমি ক্ষয়, লবণাক্ততা, জলাবদ্ধতা, পললতাত্ত্বিক গবেষণা, সুপেয় পানির / জলাধারের অনুসন্ধান, জলবায়ু পরিবর্তনের ধারা , প্রাকৃতিক দূর্যোগ বিষয়ক প্রয়োজনীয় ভূবৈজ্ঞানিক তথ্য ও উপাত্ত সংগ্রহের মাধ্যমে গবে ষণা করা।<br>• স্থানীয় ও জাতীয় পর্যায়ে পরিকল্পনা গ্রহণে সহায়ক উপকূলীয় ও নিকট সমুদ্রসীমা এলাকার প্রাকৃতিক সম্পদ ব্যবহার সংক্রান্ত কাজে তথ্য-উপাত্ত সংগ্রহ করে নীতি -নির্ধারকদের জন্য ভূতাত্ত্বিক প্রতিবেদন ও ভূবৈজ্ঞানিক বিষয়ে সুপারিশ করা। | - | - | বহিরঙ্গান কাজ: ৩০ কর্মদিবস হতে ৬০ কর্মদিবস<br>নমুনা বিশ্লেষণ: ৫০ কর্মদিবস<br>প্রতিবেদন প্রস্তুত: ৬০ কর্মদিবস | জনাব মোঃ নুরুদ্দিন সরকার<br>শাখা প্রধান ও পরিচালক (ভূতত্ত্ব)<br>ফোন: ৪৯৩৫৭৫৪৭<br>মোবাইল: ০১৮১৭০৭৪০৫৫<br>ইমেইল- nsarkergsb@gmail.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৪. | নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখা (Urban and Engineering Geology) | ● নিরাপদ ও টেকস ই উ ন্নয়ন ও নগর পরিকল্পনা , অবকাঠামো বিনির্মাণপূর্বে ঐ জায়গার ভূমিরূপ , ভূস্তরের উপরিভাগ ও নিম্নভাগের ভূতাত্ত্বিক বিস্তারিত তথ্য , ভূপ্রকৌশল উপাত্ত সংগ্রহ , ভূদূর্যোগ ঝুঁকির সম্ভাবনা প্রভৃতি নিরূপণ করে প্রতিবেদন , ভূ-প্রকৌশল মানচিত্র প্রণয়ন করা ।<br>ভূপ্রকৌশল পরীক্ষাগার সেবা:<br>● ভূনিম্নস্থ মাটির নমুনার ভূপ্রকৌশল গুণাগুণ নির্ণয়ের জন্য প্রয়োজনীয় অত্যাবশ্যকীয় ভূপ্রকৌশল পরীক্ষাসমূহ যেমন - গ্রেইন সাইজ এনালাইসিস, হাইড্রোমিটার, অ্যাটারবার্গ লিমিট , ডিরেক্ট শিয়ার, আনকনফাইন্ড কমপ্রেসিভ টেস্ট করার সুবিধা ।<br>● ভূপ্রকৌশলগত তথ্য , ভূপ্রকৌশল মানচিত্র ও প্রতিবেদন জাতীয় গুরুত্বপূর্ণ অবকাঠামো উন্নয়ন কাজে এবং নগরায়ন পরিকল্পনায় সহায়ক ভূমিকা পালন করে। | - | - | বহিরঙ্গান কাজ: ৩০ কর্মদিবস হতে ৬০ কর্মদিবস<br>নমুনা বিশ্লেষণ: ৫০ কর্মদিবস<br>প্রতিবেদন প্রস্তুত: ৬০ কর্মদিবস | |
| ৫. | ভূরসায়ন ও পানি সম্পদ শাখা (Geochemistry and Water Resources) | ● ভূরাসায়নিক অনুসন্ধান কৌশল প্রয়োগ করে গবেষণা এলাকার ভূতাত্ত্বিক পরিবেশ , সুপেয় পানির জলাধার অনুসন্ধান , ভূগর্ভস্থ পানির গুণগত মান নির্ণয়করণ , পানিতে বিভিন্ন ক্ষতিকর মৌলের উপস্থিতির পরিমাণ ও মাত্রা সম্পর্কে ধারণা লাভ ও ভূতাত্ত্বিক কারণ ব্যাখ্যাসহ জনস্বাস্থ্যের উপরে প্রভাব সংক্রান্ত গবেষণা করা ও প্রতিবেদন প্রণয়ন। | - | - | বহিরঙ্গান কাজ: ৩০ কর্মদিবস হতে ৬০ কর্মদিবস<br>নমুনা বিশ্লেষণ: ৫০ কর্মদিবস<br>প্রতিবেদন প্রস্তুত: ৬০ কর্মদিবস | জনাব নাসিমা বেগম<br>শাখা প্রধান ও পরিচালক (ভূতত্ত্ব)<br>ফোন: ৯৩৪৪৬৮৯<br>মোবাইল: ০১৫৫২৩১৪৪১৬<br>ইমেইল- nasimagsb@yahoo.com |
| ৬. | ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়াটারনারি ভূতত্ত্ব শাখা (Geological Mapping and Quaternary Geology) | ● বাংলাদেশের কোয়াটারনারি ভূতাত্ত্বিক ইতিহাস, ক্রমবিকাশ ও বিবর্তন সংক্রান্ত গবেষণা, জলবায়ু পরিবর্তন ও সমুদ্র পৃষ্টের উচ্চতা হ্রাস-বৃদ্ধির কারণে নদ -নদী বাহিত পললায়ন , পলল অবক্ষেপণ ও পললধারার পরিবর্তন , প্রত্ন-ভূতত্ত্ব, ভূমিরূপের পরিবর্তন ও ভূমি ব্যবহারের লক্ষ্যে নীতি নির্ধারণী পর্যায়ে সহায়ক বিভিন্ন ধরণ ও স্কেলের ভূতাত্ত্বিক মানচিত্রায় ন, তথ্য-উপাত্ত ও প্রতিবেদন প্রস্তুত করা। | - | - | বহিরঙ্গান কাজ: ৩০ কর্মদিবস হতে ৬০ কর্মদিবস<br>নমুনা বিশ্লেষণ: ৫০ | জনাব আবদুল বাকী খান মজলিশ<br>শাখা প্রধান ও পরিচালক (ভূতত্ত্ব)<br>ফোন: ৯৩৫৭২৭৯<br>মোবাইল: ০১৭১৬৬৫৯৯০৮<br>ইমেইল- abkmajlis@gmail.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ● সকল ভূতাত্ত্বিক মানচিত্র, তথ্য-উপাত্ত ও প্রতিবেদন জাতীয় টেকসই উন্নয়ন পরিকল্পনা গ্রহণে এবং গবেষণা কাজে ব্যবহার করা যায়। | | | কর্মদিবস<br><br>প্রতিবেদন প্রস্তুত: ৬০ কর্মদিবস | |
| ৭. | প্রকাশনা ও প্রশিক্ষণ (Publication and Training) | ● অধিদপ্তরের বৈজ্ঞানিক ও কারিগরী প্রতিবেদনসমূহের মান সম্পন্ন প্রকাশনার লক্ষ্যে সম্পাদনা পরিষদ পরিচালনা করা এই শাখার মূল দায়িত্ব।<br>● দেশে-বিদেশের বিভিন্ন লাইব্রেরি'র সাথে যোগাযোগের মাধ্যমে সম্প্রতি প্রকাশিত বইপত্র ও জার্ণাল সংগ্রহ করে ভূবিজ্ঞানীদের জ্ঞান ভান্ডার বৃদ্ধিতে সহায়তা করা। | - | - | সার্বক্ষনিক | জনাব আরিফ মাহমুদ<br>শাখা প্রধান ও পরিচালক (ভূতত্ত্ব)<br>ফোন: ৮৩৯২১৪৮<br>মোবাইল: ০১৭১৫১২৩১১৪<br>ইমেইল- arifahmud.mkl@gmail.com |
| ৮. | দূর অনুধাবন ও জিআইএস শাখা (Remote Sensing and GIS) | ● দূর অনুধাবন ও জিআ ইএস পদ্ধতির প্রয়োগের মাধ্যমে মানচিত্রায়ণের কাজ , ভূপ্রাকৃতিক পরিবর্তন , নদীর গতিপথ , পরিত্যক্ত নদ-নদী, খাল-বিল ও ভূমিরূপ পরিবর্তনের তুলনামূলক চিত্র, ভূতাত্ত্বিক কাঠামো ও চ্যুতি নির্ণয় ইত্যাদি বিষয়ে গবেষণা করে এবং মানচিত্র, প্রতিবেদন তৈরী করে।<br>● বিভিন্ন সময়ের ক্ষ য়/বৃদ্ধি/পরিবর্তন মানচিত্র ব্যবহার করে নদীর গতিপথ পরিবর্তনের সম্ভাব্য ধারণা লাভ এবং ভূমির প্রকৃতি অনুযায়ী ব্যবহার বিষয়ে পরামর্শ দান।<br>● বিভিন্ন স্কেলের টপোগ্রাফিক মানচিত্র , আকাশ আলোকচিত্র, ভূ-উপগ্রহ চিত্র, অন্যান্য বহুবিধ মানচিত্র, ব্যাথিমেট্রিক চার্ট, বেঞ্চমার্ক, স্পট হা ইট, স্টেরিওস্কোপ, ইমেজ প্রসেসিং সফটওয়্যার , জিআইএস কৌশল ও সার্ভে যন্ত্রপাতি ব্যবহার করে ভূতাত্ত্বিক ও ভূবৈজ্ঞানিক প্রতিবেদন প্রস্তুত করে থাকে। | - | - | বহিরঙ্গন কাজ: ৩০ কর্মদিবস হতে ৬০ কর্মদিবস<br><br>নমুনা বিশ্লেষণ: ৫০ কর্মদিবস<br><br>প্রতিবেদন প্রস্তুত: ৬০ কর্মদিবস | জনাব সৈয়দ নজরুল ইসলাম<br>শাখা প্রধান ও পরিচালক (ভূতত্ত্ব)<br>ফোন: ৮৩৯২১৬৬<br>মোবাইল: ০১৭১১৭০৮২৩৭<br>ইমেইল- nazrulgsb@yahoo.com |
| ৯. | স্তরতত্ত্ব ও জীব স্তরতত্ত্ব শাখা (Stratigraphy and Biostratigraphy) | ● বাংলাদেশের ভূগাঠনিক কাঠামোগত ও শিলাস্তরের তথ্য সংগ্রহ , স্তরায়নের প্রকৃতি, শ্রেণিবিন্যাস, শ্রেণিবিন্যাসকৃত স্তরসমূহের মধ্যে পারস্পরিক আন্তঃসম্পর্ক নির্ণয় করা।<br>● গবেষণাগারে রক্ষিত অত্যাধুনিক অণুবীক্ষণযন্ত্র সুবিধাসহ শিলাস্তরে প্রাপ্ত জীবাশ্ম, পরাগরেণু (Spore, Pollen) সম্পর্কিত তথ্য বিশেষত অবক্ষেপন পরিবেশের পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণের | - | - | বহিরঙ্গন কাজ: ৩০ কর্মদিবস হতে ৬০ কর্মদিবস<br><br>নমুনা বিশ্লেষণ: ৫০ | জনাব আসমা হক<br>শাখা প্রধান ও পরিচালক (ভূতত্ত্ব)<br>ফোন: ৮৩৯১৯৯৭<br>মোবাইল: ০১৫৫৩৫৮৫৫০৭<br>ইমেইল- asmahuque@yahoo.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | মাধ্যমে শিলাস্তরের বয়স নির্ধারণ , শিলাস্তরের ভূতাত্ত্বিক ইতিহাস, প্রত্ন-পরিবেশ শনাক্তকরণ , পললায়নের ক্রমবিকাশ ও বিবর্তন সংক্রান্ত গবেষণা ও প্রতিবেদন তৈরী করা হয়।<br>● মূলত ভূবৈজ্ঞানিক গবেষণা কাজে এ সম্পর্কিত প্রতিবেদনগুলি ব্যবহার হয়ে থাকে। | | | কর্মদিবস<br>প্রতিবেদন প্রস্তুত: ৬০ কর্মদিবস | |
| ১০. | পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ অ্যাসেসমেন্ট শাখা (Environmental Geology and Natural Hazard Assessment) | ●ভূতাত্ত্বিক ও প্রাকৃতিক দূর্যোগ মূল্যায়ন ও মানচিত্রায়ন এই শাখার প্রধান কাজ।<br>●প্রাকৃতিক ও মানবসৃষ্ট দূর্যোগ মূল্যায়ন ও গবেষণা কাজে পরামর্শসহ সরকার/সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সহায়তা প্রদান করে। | - | - | বহিরঙ্গান কাজ: ৩০ কর্মদিবস হতে ৬০ কর্মদিবস<br>নমুনা বিশ্লেষণ: ৫০ কর্মদিবস<br>প্রতিবেদন প্রস্তুত: ৬০ কর্মদিবস | জনাব সালমা আক্তার<br>শাখা প্রধান ও পরিচালক (ভূতত্ত্ব)<br>ফোন: ৫৮৩১১৮৫৫<br>মোবাইল: ০১৭২৬৭০৬৭৫৫<br>ইমেইল- salma.akter_gsb@yahoo.com |

**ভূপদার্থ**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১. | ভূবৈদ্যুতিক ও ভূকম্পন জরিপ শাখা (Geo-electric and Seismic Survey) | ● অধিদপ্তরের ভূতাত্ত্বিক অনুসন্ধানের প্রয়োজনে ভূপদার্থিক জরিপ পরিচালনা করা হয়। ভূতাত্ত্বিক স্তর বিন্যাস , ভূতাত্ত্বিক গঠন কাঠামো নির্ণয় ও খনিজ সম্পদ অনুসন্ধানের জন্য ভূপদার্থিক পদ্ধতি প্রয়োগ করে সহায়ক ধারণা পাওয়া যায় । | - | - | প্রয়োজন অনুযায়ী (অনুসন্ধান কার্যক্রমের ব্যাপ্তি ও প্রতিবেদন তৈরী সাপেক্ষে) | জনাব নিজাম উদ্দিন আহমেদ<br>শাখা প্রধান ও পরিচালক (ভূপদার্থ)<br>ফোন: ৮৩১৬৫৫১<br>মোবাইল: ০১৭১১৯০৫৮৯<br>ইমেইল- litunu92@yahoo.com |
| ২. | অভিকর্ষীয় ও ভূ - চৌম্বকীয় জরিপ শাখা (Gravity and Magnetic Survey) | পরীক্ষাগার / গবেষণাগার সেবা:<br>● খনিজ সম্পদ অনুসন্ধান কাজে ভূপদার্থিক গবেষণাগারে সংরক্ষিত বিভিন্ন অনুসন্ধান যন্ত্রপাতি যেমন - ভূচৌম্বকীয় জরিপ , অভিকর্ষীয় জরিপ, ভূকম্পন জরিপ , তড়িৎ প্রতিবন্ধক জরিপ ও খনন কালে লগিং যন্ত্রের ব্যবহারের সুবিধা। | - | - | | জনাব মোঃ এরশাদুল হক<br>শাখা প্রধান ও পরিচালক (ভূপদার্থ)<br>ফোন: ৯৩৪৯৭৬৭<br>মোবাইল: ০১৭১৫০৩০৫১৫<br>ইমেইল- mdershadul.haque@gmail.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩. | ভূ-পদার্থিক তথ্য বিশ্লেষণ ও যন্ত্রপাতি রক্ষনাবেক্ষণ শাখা (Geophysical Data Analysis and Equipment Maintainance) | • ভূপদার্থিক জরিপে প্রাপ্ত তথ্য -উপাত্ত বিশ্লেষণ করে ভূনিম্নস্থ শিলাস্তর ও ভূতাত্ত্বিক কাঠামোর বিস্তৃতি সম্বন্ধে ধারণা লাভ করা যায়। | - | - | | জনাব খন্দকার আবুল হাসান মোহাম্মদ সা ইফুর রহমান<br>শাখা প্রধান ও পরিচালক (ভূপদার্থ)<br>ফোন: ০১৫৫২৪৯১৬৪০<br>মোবাইল: ০১৭৫৬৫৪৮৩৩০<br>ইমেইল- hasangsb@yahoo.com |

**বৈশ্লেষিক রসায়ন**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১. | বৈশ্লেষিক রসায়ন শাখা (Analytical Chemistry) | • জিএসবি'র বহিরঙ্গনকালে সংগৃহীত বিভিন্ন পলল , পানি ও খনিজ নমুনার নিয়মতান্ত্রিক রাসায়নি ক বিশ্লেষণ ও খনিজ সম্পদের রাসায়নিক সংযুক্তি নির্ণয় করা ।<br>পরীক্ষাগার সেবা:<br>• রসায়ন গবেষণাগারে বিদ্যমান বিশেষায়িত অত্যাধুনিক যন্ত্র যেমন - Atomic Absorption Spectrophotometer, ICP-OES, UV Spectrophotometer, Bomb Calorimeter, Ion Chromatograph, CHNSO Analyzer, Microwave Digestion System, Potentiometric Titrator, Volta metric Analyzer, High Temperature Furnace ইত্যাদি ব্যবহারের মাধ্যমে নমুনাসমূহের রাসায়নিক বিশ্লেষণের সুবিধা বিদ্যমান। | আবেদন | - | ১৫ কর্মদিবস | জনাব আহমেদ আতাউল মুনীম<br>শাখা প্রধান ও পরিচালক (রসায়ন)<br>ফোন: ৯৩৩৬৪৫২<br>মোবাইল: ০১৭৪৯৪০১০৫১<br>ইমেইল- muneem95@gmail.com |

**খনন**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১. | ড্রিলিং শাখা (Drilling) | • এই শাখার মাধ্যমে ভূতাত্ত্বিক তথ্য -উপাত্ত সংগ্রহের জন্য অনুসন্ধানমূলক গভীর/অগভীর কূপ খনন করা হয়।<br>• মোট ৭টি রিগ দিয়ে পাললিক ও কঠিন শিলায় ৪৫০০ ফুট গভীরতা পর্যন্ত খনিজ সম্পদ অনুসন্ধানের জন্য নমুনা সংগ্রহ , ভূঅভ্যন্তরে পানির আধার ও ভূপদার্থিক লগ প্রস্তুতির জন্য কূপ খনন করা এবং চাহিদা অনুযায়ী কোরিং -ননকোরিং পদ্ধতিতে নমুনা সংগ্রহের মাধ্যমে ভূবৈজ্ঞানিক কাজে সহায়তা করে। | - | - | ৬৫-১৩০ কর্মদিবস<br><br>(কূপের খনন গভীরতা ও সমাপ্তি সাপেক্ষে) | জনাব মোঃ মহিরুল ইসলাম<br>শাখা প্রধান ও পরিচালক (খনন প্রকৌশল)<br>ফোন: ৫৮৩১২১৪৩<br>মোবাইল: ০১৭১৫৩১৩৪৪০<br>ইমেইল- mohirul@yahoo.com |

**প্রাতিষ্ঠানিক বিবিধ সেবা**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১. | দক্ষ জনবল/ বিশেষজ্ঞ সেবা প্রদান | ● নিজস্ব কার্যক্রম ছাড়াও বিভিন্ন সংস্থাকে প্রয়োজনমত চাহিদানুসারে দক্ষ জনবল, ভূবৈজ্ঞানিক সেবা প্রদান , যেমন: সরেজমিন ভূতাত্ত্বিক পরিদর্শন, খনিজ সম্পদ ইজারার জন্য মজুদ ও ব্যপ্তি নির্ণয় , খনিজের মূল্য নিরূপণ প্রভৃতি কাজে সহায়তা প্রদান করা হয়।<br>● সরকারি বিভিন্ন প্র কল্পের কারিগরী কমিটিতে জি এসবি'র প্রতিনিধি হিসেবে ভূতাত্ত্বিক বিষয়ে বিশেষজ্ঞ মতামত/সেবা প্রদান। | - | - | প্রয়োজন অনুযায়ী | মহাপরিচালক, জিএসবি কর্তৃক মনোনীত কর্মকর্তা |
| ২. | ভূমিকম্প গবেষণা সেল | ● ভূ-আলোড়ন, ভূ-আন্দোলন ও ভূমিকম্প সংক্রান্ত তথ্য সংগ্রহ ও গবেষণা করা ও প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ভূকম্পন সম্পর্কিত ভূতাত্ত্বিক ও ভূপদার্থিক গবেষণা ও প্রতিবেদন প্রণয়ন করা।<br>● বাংলাদেশে সংগঠিত ভূমিকম্পের উৎস, ক্ষয়-ক্ষতি বিষয়ে অনুসন্ধান, করণীয় এবং জনসচেতনতা বিষয়ে কাজ করা। | - | - | সার্বক্ষনিক | - |
| ৩. | ভূবৈজ্ঞানিক সচেতনতা প্রশিক্ষণ কেন্দ্র (জিএটিসি) | ● জিএসবির অভ্যন্তরে বা বা ইরে ভূবিজ্ঞানী ও সাধারণ নাগরিকদের সেমিনার, সিম্পোজিয়াম, কর্মশালা, প্রশিক্ষণ, প্রদর্শনী, মিডিয়া প্রভৃতির মাধ্যমে বিভিন্ন ধরনের ভূবৈজ্ঞানিক তথ্য ও গবেষণা উপস্থাপনা, সচেতনতামূলক কার্যক্রম আয়োজন ও পরিচালনা করা। | - | - | প্রয়োজন অনুযায়ী | জনাব মোঃ আশরাফ হোসেন<br>উপ-পরিচালক (ভূতত্ত্ব)<br>ফোন: ৪৯৩৫৮০৮৮<br>মোবাইল: ০১৭১২৫০১১১৮<br>ইমেইল- ashrafgsbbd@gmail.com |

**২.৩) অভ্যন্তরীণ সেবা**

| **ক্রমিক নং** | **সেবার নাম** | **সেবা প্রদান পদ্ধতি** | **প্রয়োজনীয় কাগজপত্র** এবং **প্রাপ্তিস্থান** | **সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি** | সেবা প্রদানের সময়সীমা | **দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নং ওই-মেইল)** |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা (Planning and Implementation) | ● দপ্তরের বিভিন্ন প্রকল্প প্রণয়নে সহায়তা, প্রকল্পের পরিবীক্ষণ, মূল্যায়ন ও বাস্তবায়ন এবং কর্মকর্তাদের প্রশিক্ষণের কর্ম পরিকল্পণা ও বাস্তবায়ন অত্র শাখার মূল দায়িত্ব।<br>● বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও দপ্তরের বার্ষিক বহিরজ্ঞান কর্মসূচি চুড়ান্তকরণ ও বহিরজ্ঞান কাজে জেলা/উপজেলা প্রশাসনের সাথে | - | - | সার্বক্ষনিক | জনাব মোহাম্মদ আব্দুল আজিজ পাটোয়ারী<br>শাখা প্রধান ও পরিচালক (ভূতত্ত্ব)<br>ফোন: ৮৩৯১৯৬৩<br>মোবাইল: ০১৭১২৮১১২৫২<br>ইমেইল- azizpatwary@yahoo.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | যোগাযোগ করা।<br>● অধিদপ্তরের কার্যক্রমসমূহের মাসিক, বাৎসরিক অগ্রগতির প্রতিবেদন তৈরি ও মন্ত্রণালয়ে প্রেরণ।<br>● জাতীয় অর্থনৈতিক পরিষদে পর্যালোচনা ও জাতীয় সংসদের জন্য প্রতিবেদন প্রণয়ন করা।<br>● বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থার চাহিদা মোতাবেক তথ্য ও উপাত্ত সরবরাহ এবং খনিজ সম্পদ উন্নয়নে আন্তঃযোগাযোগ ও লিয়াজোঁ রক্ষা করা। | | | | |
| ২. | অপারেশন ও সমন্বয় শাখা (Operation and Coordination) | ● জনশক্তি নিয়োগ, পদোন্নতি, স্থায়ীকরণ, সাংগঠনিক কাঠামো তৈরি , কর্মচারীদের প্রশিক্ষণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে কারিগরি ও বৈজ্ঞানিক কার্যক্রমে সহযোগিতা প্রদান করে।<br>● পরিকল্পিত আর্থিক ব্যবস্থাপনার মাধ্যমে বাজেট ও হিসাবরক্ষণ কার্যক্রম পরিচালনা , প্রয়োজনীয় দ্রব্যাদির সংগ্রহ , মজুদকরণ, সংরক্ষণ ও বিতরণ নিশ্চিতকরণ।<br>● নিরাপত্তা, যানবাহন ও কারখানা উপ-শাখা পরিচালনা। | - | - | সার্বক্ষনিক | জনাব মঈন উদ্দিন আহমেদ<br>পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান “অপারেশন ও সমন্বয়”<br>ফোন: ৯৩৪৬১৯৪<br>মোবাইল: ০১৭১৬১৫২৯৫৪<br>ইমেইল: moingsb074@gmail.com |
| ৩. | কম্পিউটার ও তথ্য প্রযুক্তি (আইটি) সেল | ● শুধুমাত্র অধিদপ্তরের কম্পিউটার, প্রিন্টার ও এই সম্পর্কিত সকল সেবার দায়িত্ব পালন করে। | - | - | সার্বক্ষনিক | জনাব মোঃ কামরুল আহসান<br>উপ-পরিচালক (ভূতত্ত্ব)<br>ফোন: ৮৩১৪৮০০<br>মোবাইল: ০১৭১১৭৩৩৬৯০<br>ইমেইল- gsbkamrul@yahoo.com |

**২.৪) আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক প্রদত্ত সেবা**

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে “পরিকল্পনা ও বাস্তবায়ন” এবং “অপারেশন ও সমন্বয়” শাখা, উপ-শাখাসমূহের সহায়তায় গবেষণা কাজ, বহিরঙ্গান কর্মসূচি বাস্তবায়ন, সকল ধরনের প্রশাসনিক ও আর্থিক বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের মাধ্যমে জিএসবি’র সকল কর্মকর্তা ও কর্মচারীদের সেবায় সচেষ্ট থাকে।

**৩) অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS)**

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তার সাথে যোগাযোগ করুন। তিনি সমাধান দিতে ব্যর্থ হলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ ও আপনার সমস্যা অবহিত করুন ।

| ক্রমিক নং | কখন যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিষ্পত্তির সময়সীমা |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১. | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে | জিআরএস (GRS) ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম ও পদবি:<br>জনাব মোহাম্মদ আশরাফুল কামাল<br>পরিচালক (ভূতত্ত্ব)<br>ফোন: ৫৮৩১২০৯২<br>ই-মেইল: akamalbd@gmail.com<br>ওয়েব : www.gsb.gov.bd | ৬০ কর্মদিবস |
| ২. | ফোকাল পয়েন্ট কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে | জনাব মঈন উদ্দিন আহমেদ<br>পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান “অপারেশন ও সমন্বয়”<br>ফোন: ৯১০১১৭৬<br>মোবাইল: ০১৭১৬১৫২৯৫৪<br>ইমেইল: moingsb074@gmail.com<br>ওয়েব : www.gsb.gov.bd | ২০ কর্মদিবস |

**৪) আপনার কাছে আমাদের প্রত্যাশা**

| ক্রমিক নং | প্রতিশ্রুত বা কাঙ্খিত সেবার লক্ষ্যে করণীয় |
|---|---|
| ১. | ওয়েব সাইটে প্রদর্শিত বিভিন্ন ধরণের ভূবৈজ্ঞানিক সেবাসমূহের নির্ধারিত নিয়ম অনুযায়ী আবেদন করা |
| ২. | নির্ধারিত ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন জমা প্রদান |
| ৩. | প্রযোজ্য ক্ষেত্রে সঠিক মাধ্যমে প্রয়োজনীয় ফিস পরিশোধ করা |
| ৪. | সাক্ষাতের জন্য নির্ধারণ সময়ের পূর্বেই উপস্থিত থাকা |

*** সেবা অধিযাচনের প্রক্রিয়া**

জিএসবি’র ওয়েব সাইট ও পাঠাগারে রক্ষিত প্রকাশিত তথ্যাদি, মানচিত্র ও প্রতিবেদন ছাড়া অন্যান্য **অপ্রকাশিত** বিভিন্ন ধরনের গবেষণাপত্র, বার্ষিক বহিরঙ্গন কর্মসূচির প্রতিবেদন, অনুসন্ধানী রিপোর্ট, তথ্য-উপাত্ত এবং গবেষণাগারে পরীক্ষাদি/গবেষণাগার সেবা অধিযাচনের ক্ষেত্রে মহাপরিচালক মহোদয়ের নিকট আবেদন ও অনুমতি সাপেক্ষে তথ্য সরবরাহ ও সেবা প্রদান করা হয়ে থাকে। এক্ষেত্রে সুনির্দিষ্ট কিছু সেবার জন্য নির্ধারিত হার অনুযায়ী ফি প্রযোজ্য হবে।